



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

আর.ডি.এ. ভবন

বনলতা বা/এ, রাজশাহী-৬২০৩

www.rdarajshahi.gov.bd

স্মারক নং- ২৫.৪০.০০০০.০০২.১৪.৭৪২.২৪- ১১০

তারিখ- ১৭.০৪.২০২৪

### নিলাম বিজ্ঞপ্তি

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউক) কর্তৃক বাস্তবায়নধীন "প্রান্তিক আবাসিক এলাকা উন্নয়ন" শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের জন্য অপসারণযোগ্য গাছপালাসমূহ এবং অবকাঠামোসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে মীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

- ১। দরপত্র সমূহ (ক) বিভাগীয় কমিশনার, রাজশাহী এবং (খ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর অফিসসমূহে রক্ষিত নির্ধারিত টেন্ডার বাক্সে আগামী ০৬/০৫/২০২৪ তারিখে দুপুর ১:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ২:৩০ টার সময় ইচ্ছুক দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) কর্তৃপক্ষের কার্যালয়ে টেন্ডার বাক্স খোলা হবে।
  - ২। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ফরম ও বিশেষ শর্তাবলী প্রতি সেট =১,৫০০/০০ (এক হাজার পাঁচশত) টাকা (অফেরৎ যোগ্য) নগদ প্রদানের বিনিময়ে অগ্রণী ব্যাংক লিঃ, আরডিএ ভবন শাখা হতে সকল কার্যদিবসে ব্যাংকের কার্যক্রম চলাকালীন আগামী ০৫/০৫/২০২৪ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে।
  - ৩। উদ্ধৃত মূল্যের অতিরিক্ত হিসেবে সরকারী নিয়মে আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।
  - ৪। যে সকল পাকা/সেমিপাকা অবকাঠামো ও গাছপালা নিলাম বিক্রয় হবে তা ক্রয় করতে ইচ্ছুক দরপত্র প্রদানকারীদের দেখিয়ে দেয়ার জন্য কর্তৃপক্ষের প্রতিনিধি আগামী ০৪/০৫/২০২৪ এবং ০৫/০৫/২০২৪ তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত অকুস্থলে উপস্থিত থাকবেন।
  - ৫। নিলামযোগ্য গাছপালাসমূহ এবং অবকাঠামোসমূহের সংক্ষিপ্ত বিবরণ ও শর্তাবলী নিলাম দরপত্র সেটে উল্লেখ থাকবে এবং অফিস হতে জানা যাবে।
  - ৬। কোন কারণ না দর্শিয়ে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা সকল নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- বিঃ দ্রঃ অনিবার্য কারণবশতঃ দরপত্র গ্রহণের দিন কোন সরকারি ছুটি ঘোষিত হলে/যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্যদিবসে দরপত্র গ্রহণ করা হবে।  
দরপত্র গ্রহণ ও খোলার সময় ও স্থান অপরিবর্তিত থাকবে।

১৭/০৪/২০২৪  
(মো: আব্দুল্লাহ আল তারিক)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভাঃ)

ও প্রকল্প পরিচালক

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

e-mail: tariquem75@yahoo.com